



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours Part-III Examination, 2019

বাংলা

অষ্টম পত্র



সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১=১৫
- (ক) কালিদাসের দুটি নাটক অবলম্বনে তাঁর নাট্য প্রতিভার পরিচয় দাও। ৭.৫+৭.৫
- (খ) জয়দেবের 'গীতগোবিন্দম্' কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। বাংলা সাহিত্যে কাব্যটির প্রভাব সম্পর্কে তোমার সুচিন্তিত মতামত জানাও। ১০+৫
- (গ) বাণভট্টের রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে সংস্কৃত সাহিত্যে তাঁর স্থান নির্ণয় করো। ১০+৫
- ২। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×১ = ৫
- (ক) মুচ্ছকটিক
- (খ) উত্তররামচরিত
- (গ) কুমারসম্ভব
- (ঘ) মেঘদূতম্
- (ঙ) মহাবীরচরিত।
- ৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) চার্লস ডিকেন্সের উপন্যাসের বৈশিষ্ট্যসমূহ নির্দেশ করে তাঁর অন্তত দুটি উপন্যাস সম্পর্কে আলোচনা করো। ৫ + ১০
- (খ) কমেডির সংজ্ঞা দিয়ে শেক্সপীয়রের কমেডি নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫
- (গ) গীতিকবি হিসাবে ওয়ার্ডসওয়ার্থের কবি বৈশিষ্ট্যের পরিচয় দিয়ে রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর মিল কোথায় তা আলোচনা করো। ১০+ ৫
- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×১ = ৫
- (ক) ম্যান অ্যাণ্ড সুপারম্যান
- (খ) আইভান হো
- (গ) মার্চেন্ট অফ্ ভেনিস্

- (ঘ) জন কীটসের “ওড”
(ঙ) ওড্ টু দ্য ওয়েস্ট উইণ্ড।

- ৫। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) ছায়াবাদী সাহিত্য কাকে বলে? হিন্দী সাহিত্যে ছায়াবাদী কবি হিসাবে ‘নিরাল’র পরিচয় পরিস্ফুট করো। ৩+১২
- (খ) আধুনিক হিন্দী নাট্যসাহিত্যে ‘ভারতেন্দু যুগ’ বলতে কী বোঝো? ভারতেন্দু হরিশ্চন্দ্রের সাহিত্য-কৃতি আলোচনা করে তা ব্যাখ্যা করো। ৫+১০
- (গ) শুধু ভারতীয় সাহিত্যে নয়, বিশ্বসাহিত্যের ইতিহাসে অনন্য প্রেমচন্দ্রের ছোটগল্প — আলোচনা করো। ১৫

- ৬। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×২ = ১০
- (ক) প্রেম-তরঙ্গ
(খ) গোদান
(গ) জুলুস
(ঘ) য়ামা
(ঙ) নিরুপমা
(চ) অতীত কে চলচিত্র।

- ৭। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) “শ্রেষ্ঠ কাব্য নিজের বাচ্যার্থে পরিসমাপ্ত না হয়ে বিষয়াত্তরের ব্যঞ্জনা করে। এই ব্যঞ্জনাই ধ্বনি।” ১৫
— আলোচনা করো।
- (খ) “কাব্যং গ্রাহ্যমলংকারাং” মতটির প্রবক্তা কে? এই মতটির ব্যাখ্যা করে এর গ্রহণযোগ্যতা নির্ণয় করো। ১+৭+৭
- (গ) “কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় – সহৃদয় কাব্য পাঠকের মন।” — আলোচনা করো। ১৫

- ৮। নিম্নলিখিত যে-কোনো একটি টীকা লেখোঃ ৫×১ = ৫
- (ক) বাচ্যার্থ
(খ) সাধারণীকরণ
(গ) সঞ্চরীভাব।

- ৯। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) “জগতের উপর মনের কারখানা বসিয়াছে, এবং মনের উপর বিশ্বমনের কারখানা - সেই উপরতলা হইতে সাহিত্যের উৎপত্তি” - এই দুই কারখানার উৎপাদন সম্পর্কটি বিশ্লেষণ করো। ১৫
- (খ) “সৌন্দর্য মূর্তিই মঙ্গলের পূর্ণ মূর্তি এবং মঙ্গল মূর্তিই সৌন্দর্যের পূর্ণ স্বরূপ।” — আলোচনা করো। ১৫
- (গ) “সাহিত্যের বিষয় মানব হৃদয় ও মানব চরিত্র।” - কীভাবে সাহিত্যের বিষয় মানব হৃদয় ও চরিত্রের যুগলবন্দী হয়ে ওঠে তা দেখাও। ১৫

—x—